

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুর রাসূল (ছাঃ) (্রুট্রিভার্নার নির্দার নির্দার আল-গালিব

মুনাজাত (المناجاة)

'মুনাজাত' অর্থ 'পরস্পরে গোপনে কথা বলা' (আল-মুনজিদ প্রভৃতি)। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, إِنَّ أَحَدَكُمْ إِذَا صَلَّى 'তোমাদের কেউ যখন ছালাতে রত থাকে, তখন সে তার প্রভুর সাথে 'মুনাজাত' করে অর্থাৎ গোপনে কথা বলে'।[198] তাই ছালাত কোন ধ্যান (Meditation) নয়, বরং আল্লাহর কাছে বান্দার সরাসরি ক্ষমা চাওয়া ও প্রার্থনা নিবেদনের নাম। দুনিয়ার কাউকে যা বলা যায় না, সৃষ্টিকর্তা আল্লাহর সাথে বান্দা তাই-ই বলে। আল্লাহ স্বীয় বান্দার চোখের ভাষা বুঝেন ও হৃদয়ের কান্না শোনেন।

আল্লাহ বলেন, أُدْعُونِيْ أَسْتَجِبْ لَكُمْ 'তোমরা আমাকে ডাক। আমি তোমাদের ডাকে সাড়া দেব' (মুমিন/গাফির ৪০/৬০)। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, اَلدُّعَاءُ هُوَ الْعِبَادَةُ 'দো'আ হ'ল ইবাদত'।[199] অতএব দো'আর পদ্ধতি সুন্নাত মোতাবেক হ'তে হবে। রাসূলুল্লাহ (ছাঃ) কোন পদ্ধতিতে দো'আ করেছেন, আমাদেরকে সেটা দেখতে হবে। তিনি যেভাবে প্রার্থনা করেছেন, আমাদেরকে সেভাবেই প্রার্থনা করতে হবে। তাঁর রেখে যাওয়া পদ্ধতি ছেড়ে অন্য পদ্ধতিতে দো'আ করলে তা কবুল হওয়ার বদলে গোনাহ হওয়ারই সম্ভাবনা বেশী থাকবে।

রাসূলুল্লাহ (ছাঃ) ছালাতের মধ্যেই দো'আ করেছেন। তাকবীরে তাহরীমার পর থেকে সালাম ফিরানো পর্যন্ত সময়কাল হ'ল ছালাতের সময়কাল। [200] ছালাতের এই নিরিবিলি সময়ে বান্দা স্থীয় প্রভুর সাথে 'মুনাজাত' করে। 'ছালাত' অর্থ দো'আ, ক্ষমা প্রার্থনা ইত্যাদি। 'ছানা' হ'তে সালাম ফিরানোর আগ পর্যন্ত ছালাতের সর্বত্র কেবল দো'আ আর দো'আ। অর্থ বুঝে পড়লে উক্ত দো'আগুলির বাইরে বান্দার আর তেমন কিছুই চাওয়ার থাকে না। তবুও সালাম ফিরানোর পরে একাকী দো'আ করার প্রশন্ত সুযোগ রয়েছে। তখন ইচ্ছামত যেকোন ভাষায় যেকোন বৈধ দো'আ করা যায়। হাফেয ইবনুল কাইয়িম বলেন, এই দো'আ আ হসাতে বা ছালাত শেষের দো'আ নয়, বরং তাসবীহ-তাহলীলের মাধ্যমে عبادة ئائية বা দ্বিতীয় ইবাদত শেষের দো'আ হিসাবে গণ্য হবে। কেননা মুছল্লী যতক্ষণ ছালাতের মধ্যে থাকে, ততক্ষণ সে তার প্রভুর সাথে গোপনে কথা বলে বা মুনাজাত করে। কিন্তু যখনই সালাম ফিরায়, তখনই সে সম্পর্ক ছিন্ন হয়ে যায়। [201]

ছালাতে দো'আর স্থান সমূহ: (১) ছানা বা দো'আয়ে ইস্তেফতা-হ, যা 'আল্লা-হুম্মা বা-'এদ বায়নী' দিয়ে শুরু হয় (২) শ্রেষ্ঠ দো'আ হ'ল সূরায়ে ফাতিহার মধ্যে 'আলহামদুলিল্লাহ' ও'ইন্ধিনাছ ছিরা-ত্বাল মুস্তাকীম' (৩) রুকৃতে 'সুবহা-নাকা আল্লা-হুম্মা...'। (৪) রুকৃ হ'তে উঠার পর রুওমার দো'আ 'রববানা ওয়া লাকাল হাম্দ হাম্দান কাছীরান'... বা অন্য দো'আ সমূহ। (৫) সিজদাতেও 'সুবহা-নাকা আল্লা-হুম্মা'... বা অন্য দো'আ সমূহ। (৬) দুই সিজদার মাঝে বসে 'আল্লা-হুম্মাণিফরলী...' বলে ৬টি বিষয়ের প্রার্থনা। (৭) শেষ বৈঠকে তাশাহ্লদের পরে ও সালাম ফিরানোর পূর্বে দো'আয়ে মাছূরাহ সহ বিভিন্ন দো'আ পড়া। এ ছাড়াও রয়েছে (৮) রুওমাতে দাঁড়িয়ে দো'আয়ে কুনৃতের মাধ্যমে দীর্ঘ দো'আ করার সুযোগ।



রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, সিজদার সময় বান্দা তার প্রভুর সর্বাধিক নিকটে পৌঁছে যায়। অতএব ঐ সময় তোমরা সাধ্যমত বেশী বেশী দো'আ কর।[202] অন্য হাদীছে এসেছে যে, তিনি শেষ বৈঠকে তাশাহহুদ ও সালামের মধ্যবর্তী সময়ে বেশী বেশী দো'আ করতেন। [203] সালাম ফিরানোর পরে আল্লাহর সঙ্গে বান্দার 'মুনাজাত' বা গোপন আলাপের সুযোগ নষ্ট হয়ে যায়। অতএব সালাম ফিরানোর আগেই যাবতীয় দো'আ শেষ করা উচিৎ, সালাম ফিরানোর পরে নয়। এক্ষণে যদি কেউ মুছল্লীদের নিকটে কোন ব্যাপারে বিশেষভাবে দো'আ চান, তবে তিনি আগেই সেটা নিজে অথবা ইমামের মাধ্যমে সকলকে অবহিত করবেন। যাতে মুছল্লীগণ স্ব স্ব দো'আর নিয়তের মধ্যে তাকেও শামিল করতে পারেন।

ফুটনোট

- [198] . বুখারী (দিল্লী ছাপা) ১/৭৬ পৃঃ; মুত্তাফারু 'আলাইহ, মিশকাত হা/৭১০, 'ছালাত' অধ্যায়-৪, 'মসজিদ ও ছালাতের স্থানসমূহ' অনুচ্ছেদ-৭ ; إُنَّ الْمُصَلِّى يُنَاجِي رَبَّهُ আহমাদ, মিশকাত হা/৮৫৬ 'ছালাতে কিরাআত' অনুচ্ছেদ-১২।
- [199] . আহমাদ, আবুদাঊদ প্রভৃতি, মিশকাত হা/২২৩০ 'দো'আ সমূহ' অধ্যায়-৯, ২য় পরিচ্ছেদ।
- [200] . আবুদাউদ, তিরমিয়ী, মিশকাত হা/৩১২ 'ত্বাহারং' অধ্যায়-৩, 'যা ওযূ ওয়াজিব করে' অনুচ্ছেদ-১, পরিচ্ছেদ-২।
- [201] . যা-দুল মা'আ-দ (বৈরূত : মুওয়াসসাসাতুর রিসালাহ, ২৯তম সংস্করণ ১৯৯৬), ১/২৫০।
- [202] . মুসলিম, মিশকাত হা/৮৯৪ 'সিজদা ও তার ফযীলত' অনুচ্ছেদ-১৪ ; নায়ল ৩/১০৯ পৃঃ।
- [203] . মুসলিম, মিশকাত হা/৮১৩ 'তাকবীরের পর যা পড়তে হয়' অনুচ্ছেদ-১১।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9214

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন